9 MAY 2012

দৈনিক ইনকিলাব

তারিখ ..........
পৃষ্ঠা ১৬ কলাম ৩

# ৩ মাসেও ইবি'র ২ ছাত্রের সন্ধান না পাওয়ায় ঘটনার ব্যাখ্যা দিতে আইজিপিকে হাইকোর্টে তলব

**এই ঘটনা তদন্তে পুলিশের ভূমিকা নিয়ে অসন্তোষও প্রকাশ করেছে আদালত**

☐ স্টাফ রিপোর্টার

তিন মাসেও ইসলামী বিশ্ববিদ্যালয়ের দুই ছাত্রের কোনো সন্ধান না পাওয়ায় এই ঘটনার ব্যাখ্যা দিতে আইজিপিকে তলব করেছেন হাইকোর্ট। গতকাল মঙ্গলবার তলবের আদেশ দেয়ার পাশাপাশি এই ঘটনা তদন্তে পুলিশের ভূমিকা নিয়ে অসন্তোষও প্রকাশ করেছে আদালত। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি আব্দুল আউয়াল ও বিচারপতি মো. আশরাফুল কামালের সমন্বয়ে গঠিত বেঞ্চ আগামী ১৬ মে সকাল সাড়ে ১০টায় আইজিপি হাসান মাহমুদ খন্দকারকে হাজির হতে বলেছে।

নিখোঁজরা হলেন- ইসলামী বিশ্ববিদ্যালয় আল ফিকহ বিভাগের ছাত্র আল মোকাদ্দাস এবং দাওয়াহ বিভাগের ছাত্র ওয়ালী উল্লাহ। ইসলামী বিশ্ববিদ্যালয়ের মেধাবী দুই ছাত্র গত ৪ ফেব্রুয়ারি থেকে নিখোঁজ হয়। পরিবারের অভিযোগ, ঢাকা থেকে কুষ্টিয়া যাওয়ার পৃঃ ১৫ কঃ ১

## ৩ মাসেও ইবি'র ২ ছাত্রের

*১৬-এর পৃষ্ঠার পর*

পথে সাভারের নবীনগরে বাস থেকে র‍্যাব ও ডিবি পুলিশের পরিচয়ে তাদের তুলে নেয়া হয়। তাদের 'গুম' করা হয়েছে দাবি করে এর প্রতিবাদে টানা চারদিন কুষ্টিয়ায় ওই বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটও ডাকা হয়। তাদের সন্ধানে রিট আবেদন করলে গত ১৫ ফেব্রুয়ারি আদালত রুল জারি করে। শুনানির এক পর্যায়ে আদালত ওই ঘটনা তদন্তের দায়িত্বে থাকা পুলিশ কর্মকর্তাকে তলব করে। কেস ডায়েরিসহ গত ২৬ এপ্রিল হাজিরও হয়েছিলেন তদন্ত কর্মকর্তা। গতকাল দেয়া হাইকোর্টের লিখিত আদেশে বলা হয়, কেস ডাইরি থেকে তদন্ত সম্পর্কে তাৎপর্যপূর্ণ কিছু পাওয়া যায়নি।

রিট আবেদনের শুনানিতে উঠে এসেছে যে, র‍্যাব ধরে নিয়ে যাওয়ার আগে (অভিযোগ অনুসারে) আটক ব্যক্তিরা সেলফোনে কিছু লোকের সঙ্গে কথা বলেছেন। যথাযথভাবে বিচারের জন্য তারা কাদের সঙ্গে কথা বলেছেন, তার তালিকা, ঠিকানা আদালতে হাজির করার জন্য মোবাইল ফোন কোম্পানিকে নির্দেশ দেয়া হয়। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যজনক যে, তদন্ত কর্মকর্তা তাদের যাচাই করেনি এবং কী বিষয়ে তারা কথা বলেছেন, তাও জানার চেষ্টা করেননি। হাইকোর্ট বলে, ওই দুই ছাত্রকে র‍্যাব আটক করে রেখেছে অভিযোগ করা হয়। আমরা তদন্ত কর্মকর্তার কাছে জানতে চেয়েছিলাম, তিনি তাদের উদ্ধারে র‍্যাব ক্যাম্পে গিয়েছিলেন কিনা। তখন তদন্ত কর্মকর্তা নিশ্চুপ ছিলেন। তদন্তের অগ্রগতি শোচনীয়। এই পরিস্থিতিতে তদন্ত প্রক্রিয়ার অগ্রগতি পরিপূর্ণভাবে জানার জন্য আইজিপিকে এখানে হাজির হওয়া প্রয়োজন বলা হয় আদেশে।

আদালতে রিট আবেদনকারীদের পক্ষে এডভোকেট মোহাম্মদ তাজুল ইসলাম এবং রাষ্ট্রপক্ষে ডেপুটি এটর্নি জেনারেল সরদার মো. রাশেদ জাহাঙ্গীর শুনানি করেন। রাশেদ জাহাঙ্গীর বলেন, আজ বিচারপতিরা ওই আদেশে স্বাক্ষর করেছেন। তাদের আদেশে আইজিপিকে আগামী ১৬ মে আদালতে হাজির হতে বলা হয়েছে।